

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
মনিটরিং-২ শাখা  
www.lgd.gov.bd



শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

স্মারক-নং-৪৬.০০.০০০০.০৯৮.১৬.০০২.২০১৮-১১২

তারিখঃ ১৭ অগ্রহায়ণ ১৪২৭  
০২ ডিসেম্বর ২০২০

বিষয়ঃ সেপ্টেম্বর, ২০২০ মাসের পরিদর্শন প্রতিবেদনে উল্লিখিত নওয়াপাড়া পৌরসভার রাজস্ব ও উন্নয়ন তহবিলের ক্যাশ বই স্থিতি ও ব্যাংক স্থিতি নিরীক্ষাকরণ।

সূত্রঃ ১। ডিডিএলজি, যশোর এর স্মারক নং-৮৩৫, তারিখঃ ০১/১০/২০২০ খ্রিঃ


২। নওয়াপাড়া পৌরসভার স্মারক নং-৫৪৫, তারিখঃ ২৮/১০/২০২০ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, উপপরিচালক, যশোর কর্তৃক গত ১০/০৯/২০২০ খ্রিঃ তারিখে নওয়াপাড়া পৌরসভা পরিদর্শন কালে পৌরসভার রাজস্ব/উন্নয়ন তহবিলের ক্যাশ বই স্থিতি ছিল নিম্নরূপঃ

ক্রম	খাত	টাকা
ক)	রাজস্ব সেন্টাল ক্যাশ বই	৭৫,২১,৫৪৬/৩৫
খ)	রাজস্ব সেন্টাল ক্যাশ বই (পানি কর)	১০,৬১,৮১০/৩৯
গ)	উন্নয়ন সেন্টাল ক্যাশ বই	৪৯,৬৪,৭০২/৪৫

পরিদর্শন প্রতিবেদন পর্যালোচনায় -উক্ত অর্থ দ্বারা প্রকল্প গ্রহণ ও অর্থ জমার বিপরীতে ব্যাংক স্টেটমেন্ট চাওয়া হয়। তদুপেক্ষিতে, ২ নং স্মারকে মেয়র, নওয়াপাড়া হতে জবাব ও আইএফআইসি, ইউসিবিএল ও সোনালী ব্যাংকের ৮টি হিসাবের ব্যাংক স্টেটমেন্ট পাওয়া যায় (কপি সংযুক্ত)। প্রাপ্ত পত্র/তথ্যে ১০/০৯/২০২০ খ্রিঃ তারিখের পরিদর্শন প্রতিবেদনে উল্লিখিত ক্যাশ বই স্থিতি এবং ব্যাংক স্থিতির মিল খুঁজে পাওয়া যাচ্ছে না। এছাড়া ২০১৯-২০ অর্থ বছরে এডিপি অর্থ দ্বারা গৃহীত উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন ও প্রকল্পের ব্যয় যথাযথভাবে করা হয়েছে কি না তাও সুস্পষ্ট নয়।

এমতাবস্থায়, নওয়াপাড়া পৌরসভার গত ১০/০৯/২০২০ খ্রিঃ তারিখে রাজস্ব/উন্নয়ন তহবিলের ক্যাশ বই স্থিতির সাথে ব্যাংক স্থিতির মিল রয়েছে কি না এবং ২০১৯-২০ অর্থ বছরে উন্নয়ন তহবিল /এডিপি'র অর্থায়নে গৃহীত উন্নয়ন প্রকল্পসমূহের বাস্তবায়ন ও ব্যয় যথাযথভাবে করা হয়েছে কিনা তা পরীক্ষা-নিরীক্ষা করে সুস্পষ্ট/স্বয়ংসম্পূর্ণ প্রতিবেদন আগামী ৭ (সাত) কার্যদিবসের মধ্যে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
মোঃ শাহ জ্বালাল  
সহকারী সচিব  
ফোনঃ ৯৫৪৬২২৭

Cell: ০১৫৫২৪৫৬০০৯ (ব্যক্তিগত)  
e-mail: monitoring2lgd@gmail.com

উপপরিচালক, স্থানীয় সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়, যশোর।

অনুলিপি সদয় অবগতির জন্যঃ

- (১) বিভাগীয় কমিশনার, খুলনা।
- (২) জেলা প্রশাসক, যশোর।
- (৩) সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- (৪) প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে আপলোড করার জন্য)।
- (৫) মহাপরিচালক / অতিরিক্ত সচিব(মইই উইং) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ।
- (৬) যুগ্ম সচিব (মওম) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ।
- (৭) অফিস কপি।